

উপজেলা পর্যায়ে জাতীয় প্রাথমিক শিক্ষা পদক প্রতিযোগিতা/২০২৪ (ক্রীড়া, সাংস্কৃতিক, বিষয় ভিত্তিক কুইজ ও কাবিং) আয়োজন কমিটির সভার
কর্মবিবরণী

স্থান: উপজেলা নির্বাহী অফিসার এর কার্যালয়

তারিখ: ১১.০২.২০২৪ খ্রি.

সময়: ১২.০০ ঘটিকা।

সভাপতি: তাসনীম জাহান

উপজেলা নির্বাহী অফিসার, ফুলতলা, খুলনা।

সভার উপস্থিত সদস্যবৃন্দ

১। চেয়ারম্যান উপজেলা পরিষদ, ফুলতলা, খুলনা	উপদেষ্টা
২। উপজেলা নির্বাহী অফিসার, ফুলতলা, খুলনা	সভাপতি
৩। ভাইস চেয়ারম্যান (পুরুষ ও মহিলা) উপজেলা পরিষদ ফুলতলা, খুলনা	সদস্য
৪। উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, ফুলতলা, খুলনা	সদস্য
৫। উপজেলা প্রকৌশলী, ফুলতলা, খুলনা	সদস্য
৬। থানা ভারপ্রাপ্ত কর্মকর্তা, ফুলতলা, খুলনা	সদস্য
৭। ইউআরসি, ইন্সট্রাক্টর ফুলতলা, খুলনা	সদস্য
৮। উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, ফুলতলা, খুলনা	সদস্য
৯। সাধারণ সম্পাদক, উপজেলা স্কাউটস ফুলতলা, খুলনা	সদস্য
১০। মোঃ আনিসুর রহমান, সহ: শি:, ফুলতলা রি ইউনিয়ন উচ্চ বিদ্যা:, ফুলতলা, খুলনা	সদস্য
১১। মোঃ আকতার হোসেন, সহ:শি:, আব্দুল লতিফ মেমো: মাধ্য বিদ্যা:, ফুলতলা, খুলনা	সদস্য

অদ্য ১১.০২.২০২৪ খ্রি. তারিখ সকাল ১২.০০ ঘটিকায় উপজেলা পর্যায়ে জাতীয় প্রাথমিক শিক্ষা পদক প্রতিযোগিতা ২০২৪ (ক্রীড়া, সাংস্কৃতিক, বিষয় ভিত্তিক কুইজ ও কাবিং) আয়োজন কমিটির এক জরুরি সভা সভাপতি মহোদয়ের সভা কক্ষে অনুষ্ঠিত হয়। সভার সভাপতিত্ব করেন উপজেলা নির্বাহী অফিসার, ফুলতলা, খুলনা। সভাপতি মহোদয় উপস্থিত সকল সদস্যদের স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর সভাপতির অনুমতিক্রমে সদস্য সচিব উপজেলা শিক্ষা অফিসার উপজেলা পর্যায়ে জাতীয় প্রাথমিক শিক্ষা পদক প্রতিযোগিতা ২০২৪ (ক্রীড়া, সাংস্কৃতিক, বিষয় ভিত্তিক কুইজ ও কাবিং) উপলক্ষে প্রাথমিক শিক্ষা পদক প্রদান নীতিমালা-২০২২ এর গুরুত্বপূর্ণ অংশগুলো পাঠ করে শুনান।

(১) আলোচ্যসূচী :- উপজেলা পর্যায়ে জাতীয় প্রাথমিক শিক্ষা পদক প্রতিযোগিতা/২০২৪ (ক্রীড়া, সাংস্কৃতিক, বিষয় ভিত্তিক কুইজ ও কাবিং) আয়োজন সংক্রান্ত :- উপজেলা শিক্ষা অফিসার জানান যে, উপজেলা পর্যায়ে ২৫ প্রকার প্রতিযোগিতা ০২টি বিভাগে বিভক্ত যথাঃ-বালক ও বালিকা পৃথক গ্রুপ হবে। ক-বিভাগ-১ম ও ২য় শ্রেণি, খ-বিভাগ-৩য়-৫ম শ্রেণি। ক্রীড়া এবং সাংস্কৃতিক বিষয়ে ২টি বিভাগে বিভক্ত বালক ও বালিকা। আগামী ১৭/০২/২০২৪ তারিখের মধ্যে উপজেলা পর্যায়ে প্রতিযোগিতা শেষ করতে হবে। বিদ্যালয় এবং ইউনিয়ন পর্যায়ে ইতোমধ্যে প্রতিযোগিতা সমূহ শুরু হয়ে গেছে। এ বিষয়ের উপর বিস্তারিত আলাপ আলোচনার পর সর্বসম্মতিক্রমে নিম্নবর্ণিত সিদ্ধান্ত সমূহ গৃহীত হয়।

সিদ্ধান্ত:-(১) আগামী ১৩/০২/২০২৪ তারিখ উপজেলা আদর্শ সরকারি প্রাথমিক বিদ্যালয়ের মাঠ এবং শ্রেণি কক্ষে প্রতিযোগিতা অনুষ্ঠিত হবে। কোন প্রতিযোগী ০৩টি বেশী বিষয়ে অংশ গ্রহন করতে পারবে না। কোন বিষয়ে ০৪জন প্রতিযোগী না হলে প্রতিযোগিতা অনুষ্ঠিত হবে না। প্রযোজ্য ক্ষেত্রে সংশ্লিষ্ট বিষয়ের প্রতিযোগিতা জন্য আনুসঙ্গিক উপকরনাদি প্রতিযোগিকে সাথে নিয়ে আসতে হবে। ক-গ্রুপের ছাত্রছাত্রীবৃন্দ কেবল বিদ্যালয়, ইউনিয়ন ও উপজেলা পর্যায়ে অংশগ্রহন করতে পারবে। খ-গ্রুপের ছাত্রছাত্রীবৃন্দ বিদ্যালয় হতে জাতীয় পর্যায় পর্যন্ত অংশগ্রহন করতে পারবে। বিজয়ী ১ম, ২য় ও ৩য় স্থান অধিকারীকে পুরস্কার প্রদান করা হবে এবং ১ম স্থান অধিকারী জেলা পর্যায়ে প্রতিযোগিতায় অংশগ্রহন করতে পারবে। এ বিষয়ে বিস্তারিত আলোচনান্তে সর্বসম্মতিক্রমে নিম্নবর্ণিত সিদ্ধান্ত সমূহ গৃহীত হয়।

সিদ্ধান্ত: -(২) এ প্রতিযোগিতা সুষ্ঠুভাবে সম্পন্ন করার জন্য নিম্নবর্ণিত বিষয়ভিত্তিক বিচারক প্যানেল গঠন করা হলো (তালিকা সংযুক্ত)।

অতঃপর সভায় আর কোন আলোচনা না থাকার কারণে সভাপতি মহোদয় উপস্থিত সকল সদস্যকে স্বাস্থ্যবিধি মেনে চলার পরামর্শ জ্ঞাপনের মাধ্যমে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(তাসনীম জাহান)
উপজেলা নির্বাহী অফিসার,
ও
সভাপতি

জাতীয় প্রাথমিক শিক্ষা পদক প্রতিযোগিতা/২৪ কমিটি

স্মারক নং : ৩৮.০১.৪৭৬৯.০০০.৪৯.০০১.২৩

তারিখ : ১১ ফেব্রুয়ারি ২০২৪ খ্রিষ্টাব্দ

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরিত হলো :

- ১। চেয়ারম্যান উপজেলা পরিষদ, ফুলতলা, খুলনা
- ২। উপজেলা নির্বাহী অফিসার, ফুলতলা, খুলনা
- ৩। ভাইস চেয়ারম্যান (পুরুষ ও মহিলা) উপজেলা পরিষদ ফুলতলা, খুলনা
- ৪। উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, ফুলতলা, খুলনা
- ৫। উপজেলা প্রকৌশলী, ফুলতলা, খুলনা
- ৬। থানা ভারপ্রাপ্ত কর্মকর্তা, ফুলতলা, খুলনা
- ৭। ইউআরসি, ইন্সট্রাক্টর ফুলতলা, খুলনা
- ৮। উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, ফুলতলা, খুলনা
- ৯। সাধারণ সম্পাদক, উপজেলা স্কাউটস ফুলতলা, খুলনা
- ১০। মোঃ আনিসুর রহমান সহঃশিঃ, ফুলতলা রি ইউনিয়ন উচ্চ বিদ্যাঃ, ফুলতলা, খুলনা
- ১১। মোঃ আকতার হোসেন, সহঃশিঃ, আব্দুল লতিফ মেমোঃ মাধ্য বিদ্যাঃ, ফুলতলা, খুলনা

(শাহনাজ বেগম)

উপজেলা শিক্ষা অফিসার

ও

সদস্য সচিব

জাতীয় প্রাথমিক শিক্ষা পদক প্রতিযোগিতা/২০২৪ কমিটি

ফুলতলা, খুলনা।